



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



নৈতিকতা কমিটির ৩য় সভা (জরুরী সভা)-এর কার্যবিবরণী

১৩ এপ্রিল ২০২২ ; ৩০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ , বিকাল ৩:০০টা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির ৩য় সভা (জরুরী সভা) কমিটির সভাপতি ও মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে ১৩.০৪.২০২২ তারিখ বুধবার দুপুর ২.০০টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

- প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (শিক্ষা) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, ডিন, এসএসএইচএল ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস, ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি।
- এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কমিটি, বাউবি। (আমন্ত্রণক্রমে)

উপাচার্য মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য সদস্য-সচিব, নৈতিকতা কমিটি এবং রেজিস্ট্রার, বাউবি-কে নির্দেশ দেন। অতঃপর রেজিস্ট্রার মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ এর খসড়া প্রস্তাব বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।

আলোচনা ও সিদ্ধান্ত


রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি কর্তৃক উপস্থাপিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ এর খসড়া প্রস্তাব এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নরূপ সংশোধনের সুপারিশ সাপেক্ষে প্রস্তাবিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণের জন্য অনুমোদনের সুপারিশ করা হয়:

- অনুচ্ছেদ ১.৩.১ এ প্রস্তাবিত বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র এর ৪. এ- 'অতিমারি পরবর্তী অবস্থা উত্তরণের জন্য বিভিন্ন একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের সমন্বয় সাধন ও জোরদারকরণ' সংযুক্ত হবে।
- অনুচ্ছেদ ১.৪ এর কার্যাবলি-এর ৭-এ 'অতিমারি পরবর্তী অবস্থা উত্তরণের জন্য কার্যকরী একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের সমন্বয় সাধন' সংযুক্ত হবে।
- সেকশন-৩ এর ১নং কর্মসম্পাদনের ক্ষেত্রের ১.৭ এ 'নতুন টিউটর নিয়োগ/টিউটর নবায়ন' সংশোধিত হবে।


- সেকশন-৩ এর ৩নং কর্মসম্পাদনের ক্ষেত্র-এ 'সময় উপযোগী ব্লেন্ডেড (অনলাইন/সরাসরি)' সংযোজন করতে হবে।

প্রস্তাবিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ এর খসড়া প্রস্তুত করার জন্য ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার এবং টিম-লিডার এবং নাজনীন আখতার, ফোকাল পয়েন্ট। এপিএ টিম-কে নৈতিকতা কমিটির পক্ষ হতে ধন্যবাদ জানানো হয় এবং উল্লিখিত সংশোধন করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ খসড়া প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ড. মহাঃ শফিকুল আলম
রেজিস্ট্রার

ও
সচিব-সদস্য, নৈতিকতা কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।


অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার
উপাচার্য

ও
সভাপতি, নৈতিকতা কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।